

প্রতিবন্ধীদের প্রতি দায়িত্ব ও কর্তব্য

ভূমিকা : যাদের মধ্যে মানসিক অথবা শারীরিক প্রতিবন্ধকতা রয়েছে তাদেরকে আমরা প্রতিবন্ধী বলি। মানুষ হলো প্রকৃতির শ্রেষ্ঠ সম্পদ। যে সকল মানুষের মধ্যে অস্বাভাবিকতা বেশি দেখা যায় অর্থাৎ তাদের চলাফেরায়, কথাবার্তায় বেশ কিছু সমস্যার সম্মুখীন হয় সেই প্রতিবন্ধী। এরাও সমাজের অন্তর্ভুক্ত। তাই এদেরকে অবহেলা করলে দেশ এবং জাতির উন্নতি সাধন করা সম্ভব নয়। এজন্য এদেরকে সাথে নিয়ে আমাদের চলতে হবে।

প্রতিবন্ধীদের শ্রেণীবিভাগ :

প্রতিবন্ধীরা দুটি শ্রেণীতে বিভক্ত –

১) শারীরিক প্রতিবন্ধী ২) মানসিক প্রতিবন্ধী। বোবা, বধির, অন্ধ ও খোঁড়াদের শারীরিক প্রতিবন্ধী বলে। যাদের মানসিক ভারসাম্য নেই অর্থাৎ বোকা, উন্মাদ তাদেরকে মানসিক প্রতিবন্ধী বলে। কেউ জন্ম থেকে প্রতিবন্ধী আবার কেউ বিভিন্ন দুর্ঘটনার শিকার ও নানা অসুখে ভুগে প্রতিবন্ধী হয়। মানুষের কাছে যেকোনো প্রতিবন্ধকতাই দুঃখজনক। শত দারিদ্রতার মধ্যে থেকেও স্বাভাবিক জীবনের অধিকারী ব্যক্তি সুখে জীবন কাটায়। অন্যদিকে, বিপুল ঐশ্বর্যের মধ্যে থেকেও একজন প্রতিবন্ধী কখনোই সুখী হতে পারে না।

প্রতিবন্ধীদের প্রতি আমাদের দায়িত্ব ও কর্তব্য : আমাদের চারপাশে থাকা সকল প্রতিবন্ধী আমাদের সমাজের অংশ। এরা বাইরের কেউ নয়, এরা আমাদের পরিবারের অংশ। অনেক প্রতিবন্ধী আছে যারা মানসিক ভাবে দুর্বল। কিন্তু তারা শারীরিক দিক থেকে বেশ সক্ষম। তাদের পাশে থেকে সাহায্যের হাত বাড়িয়ে দেওয়া সকল মানুষের কর্তব্য। যারা শারীরিকভাবে প্রতিবন্ধী অর্থাৎ বোবা, কানা, বধির, খোঁড়া তাদের প্রতি সহৃদয় হওয়া একটা সামাজিক কর্তব্য।

প্রতিবন্ধীদের পূর্ণবাসন : বর্তমানে উন্নত চিকিৎসা বিদ্যার সহযোগিতায় বিভিন্ন প্রতিবন্ধকতার চিকিৎসা করে প্রতিবন্ধকতা দূর করা সম্ভব হচ্ছে। অনেক শারীরিক প্রতিবন্ধী স্বাভাবিক জীবনে ফিরে আসছে কৃত্রিমভাবে অঙ্গপ্রত্যঙ্গ প্রতিস্থাপনের সফল প্রয়োগের মাধ্যমে। আবার অনেকে ফিরে পাচ্ছে শ্রবণ ক্ষমতা। এমনকি জটিল মানসিক প্রতিবন্ধী সুস্থ হয়ে ফিরে আসছে সমাজের মূল স্রোতে। তবে সেসকল সুযোগ-সুবিধা কম সংখ্যক লোক ভোগ করতে পারছে। বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের উদ্যোগে প্রতিবন্ধী সমস্যা সমাধানের চেষ্টা চলছে। এভাবে সরকারের পাশাপাশি বেসরকারি উদ্যোগ গ্রহণের মাধ্যমে প্রতিবন্ধীদের সার্বিক উন্নয়নের জন্য কাজ করে যেতে হবে। আমাদের এইসব কার্যক্রম সামাজিক দায়িত্ব-কর্তব্যের অন্তর্ভুক্ত।

উপসংহার : মানবসেবা হচ্ছে পরম সেবা। কেননা, ‘সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই’ – এই কথাটি সকল মানব প্রেমিকই বলেছেন। এজন্য আমাদের সবাইকে প্রতিবন্ধীদের পাশে থেকে সাহায্যের হাত বাড়িয়ে দিতে হবে। প্রতিবন্ধীরা আমাদের সমাজেরই একটা অংশ। আমাদের উচিত তাদেরকে কাছে টেনে নেওয়া। আর যদি সেটা আমরা না করতে পারি তাহলে সামগ্রিকভাবে আমাদের সমাজ পিছিয়ে থাকবে।